সঙ্গীত সূত্র সার।

প্রথম ভাগ।

হরি জীবন প্রামাণিক কর্ত্তৃক

সংগৃহীত।

প্রথম সংস্করণ।

রাণাঘাট ব্রজেন্দ্র প্রেসে

শ্রীবিহারী লাল বিশ্বাস দ্বারা

মুদ্রিত।

২৭শে শ্রাবণ,

মূল্য ।৴৹ আনা মাত্র।

সঙ্গীত শাস্ত্র বিশারদ

পরম পূজনীয়

শ্রীলশ্রীযুক্ত স্যার রাজা সৌরীন্দ্র

মোহন ঠাকুর বাহাদুর

K. C. S.I. Mug. Doc. K. C. O. L. & &.

মহোদয়ের শ্রীপাদ প্রান্তে

এই ক্ষুদ্র পুস্তিকা খানি

সঙ্কলয়িতা কর্ত্তৃক উৎসর্গীকৃত

হইল।

১২৯৯ সাল।

শ্রীশ্রীদুর্গা।

"সঙ্গীত সুত্রসার" নামক গ্রন্থখানি প্রকাশিত হইল। ইহা প্রথমতঃ কয়েকখানি ভাষা গ্রন্থ হইতে সংগ্রহ করিয়া পরে সংস্কৃত গ্রন্থ হইতে যত দূর সংগ্রহ করিতে পারিয়াছি, লইয়া তৎপরে মহাকোষ শব্দকল্পদ্রুম হইতে গ্রহণান্তর পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া, প্রথমতঃ শ্রীশ্রী৺ শ্রীবৃন্দাবন ধাম নিবাসী পূজ্যপাদ পরমারাধ্যতম শ্রীযুক্ত নীলমণি গোস্বামী প্রভু পরম পূজনীয় শ্রীযুক্ত গৌরমোহন শাস্ত্রী মোহান্ত ঠাকুর শ্রীযুক্ত বাবু যোগেন্দ্র চন্দ্র বিদ্যানিধি কবিরাজ মহাশয়কে দৃষ্ট করাই পরিশেষে স্থানীয় সুযোগ্য দেশ হিতৈষী গুণগ্রাহী জমিদার শ্রীযুক্ত বাবু সুরেন্দ্র নাথ পাল— চৌধুরী মহাশয় পাণ্ডুলিপি দৃষ্ট করতঃ একবাক্যে সকলেই ইহা মুদ্রাঙ্কনে আমাকে উৎসাহিত করায় আমি এই দুঃসা- গিক কার্য্যে প্রবৃত্ত হইয়াছি।

আমি আশা ও সাহসের আশ্রয় লইয়া এই দুরূহকার্য্যে কতদূর কৃতকার্য্য হইয়াছি, তাহা বলিতে পারি না। তবে সাধারণ সমীপে আমার সানুনয় নিবেদন এই যে, তাঁহারা যদি গ্রন্থখানিএকবারপাঠকরেন,তাহাহইলেই চরিতার্থহইব।

আমি সম্পূর্ণ কৃতজ্ঞ চিত্তে বলিতেছি, রাণাঘাট নিবাসী পরম পূজনীয় শ্রীযুক্ত বাবু হরিলাল বন্দ্যোপাধ্যায় মোক্তার মহাশয় বিশেষ পরিশ্রম স্বীকার পূর্ব্বক ইহার আদ্যোপান্ত সংশোধন ও মুদ্রাঙ্কন কার্য্যের সহায়তা করায় আমি এই গ্রন্থখানি মুদ্রাঙ্কন করিতে সক্ষম হইয়াছি।

রাণাঘাট ঘটকপাড়া।
সন১২৯৯। ১৩ই আষাঢ়।

শ্রী হরিজীবন প্রামাণিক।

শ্রীশ্রীদুর্গা

শরণং ।

পরম কল্যাণাস্পদ ।

শ্রীযুত বাবুহরিজীবন প্রামাণিক মহাশয় ।

কল্যাণবরেষু ।

মহাশয় সংগীত সূত্রসার নামক গ্রন্থের পাণ্ডুলিপী যাহা আমাকে দেখাইলেন তাহাআমি আদ্যোপান্ত দেখিয়া যাহার পর নাই সন্তোষ লাভ করিলাম। স্বরের পরিচয় ও গীতাদির ঋতু সময় বিভাগ ও রাগ রাগিণীর শ্রেণী ও জাতি বিভাগ সম্বন্ধে যাহা যাহা বর্ণিত হইয়াছে, ইহার কিছুই অপ্রামানিক নহে সকলই যথা শাস্ত্র ও পূর্ব্বাপর ব্যবহার অনুযায়ী সংগ্রহ হইযাছে তবে কতকগুলিন রাগও রাগিণীর ধ্যানাদি লিখিত হয়নাই তাহাতে বিশেষ কোন দোষ হইতে পারে না; কারণ কতকগুলি রাগ ও রাগিণীর পুত্র পৌত্র ও পুত্র বধূ পরিবার বর্গ সালঙ্ক ও সংকিরণ হওয়ায় অনেক সংখ্যা বৃদ্ধি হইয়াছে; এতদ্ভিন্ন সুবিখ্যাত পূর্ব্বতন ভূপতি গণের দ্বারা ও যবন নায়কগণ কর্ত্তৃক বহুবিধ রাগ রাগিণীর সৃষ্টি হইয়াছে। এবং শাস্ত্রোক্ত রাগ ও রাগিণীর সংখ্যা র ও সংখ্যা নাই বলিলেও অত্যুক্তি হয়না, সংগীত বিদ্যা যাবনিক বিদ্যা বলিয়া অনেকের জ্ঞান আছে; এবং যিনি শিক্ষা করিয়াছেন, তিনি যাবনিক ভাষায় শিক্ষা করিয়াছেন। এই সংগীত সূত্রসার পাঠ করিলে, ইহা কোন্ জাতির বিদ্যা

তাহা অবশ্যই জানিতে পারা যাইবে। যাবনিক বিদ্যা বলিয়া যে ভ্রম, তাহাও তিরোহিত হইবে। তাহার প্রতি কিছুমাত্র সন্দেহ নাই।

আধুনিক নব্য সম্প্রদায় মধ্যে অনেকে নৃত্য গীত দর্শন শ্রবণ করিয়া বিশেষ আনন্দলাভ করেন। কিন্তু সংগীতের মূল কি, তাহা অনেকে অবগত নহেন। এই সংগীত সূত্র-সার গ্রন্থ পাঠে সংগীত বিষয়ক অবশ্য যে জ্ঞাতব্য বিষয় তাহা জানিতে পারিবেন বলিয়া বিশ্বাস করা যায়। ইতি- সন ১২৯৮ সাল তারিখ ২৬শে মাঘ।

রাণাঘাট নিবাসীনঃ।

শ্রীরামাচরণ শর্ম্মণা—

শ্রীশ্রীগণেশায়নমঃ।

সঙ্গীত সূত্রসার।

প্রথম ভাগ।

—:*:—

আজ্ কাল্ আমাদিগের মধ্যে অনেকেরই এইরূপ সংস্কার দাঁড়াইয়াছে যে সংগীত শাস্ত্র যাবনিক বিদ্যা। কিন্তু প্রাচীন সংস্কৃত গ্রন্থাদি অনুসন্ধান করিলে জানিতে পারা যায় যে ইহা যাবনিক বিদ্যা নহে, আর্য্য জাতির অতিআদরের ধন তাঁহারা ইহার যথেষ্ট উন্নতি করিয়া গিয়াছেন। তাঁহারা ইহার কত দূর আদর করিতেন নিম্নলিখিত শ্লোকটীতেই তাহার যথেষ্ট আভাস দিতেছে। ভগবান্ নারায়ণ স্বয়ং এইকথা বলিয়াছেন।

"নাহং বসামি বৈকুণ্ঠে যোগীনাং হৃদয়ে নচ।
মদ্ভক্তা যত্র গায়ন্তি তত্র তিষ্ঠামি নারদঃ॥"

সংগীত শব্দের অর্থ কেবল মাত্র গান বুঝায়না। নৃত্য, গীত ও বাদ্য এই তিনটীর একত্র সমাবেশের নাম সংগীত। যথা

"গীত বাদিত্র নৃত্যানাং ত্রয়ম সংগীত মুচ্যতে"।

স্বর গ্রাম। সাঙ্কেতিক নাম।

ষড়জ ষ ময়ূর স্বর তুল্য, উচ্চারণ স্থান কণ্ঠ।

নাসাং কণ্ঠ মুরস্তালু জিহ্বাং দন্তাংশ্চ সংশ্রিতঃ।
ষড়্ভ্যঃ সংযায়তে যস্মাৎ তস্মাৎষড়্জ ইতিস্মৃতঃ।

ঋষভ ঋ গোস্বর তুল্য কেচিৎ মতে চাতক স্বর।

নাভি মূলাদ্ যদা-বর্ণ উত্থিতঃ কুরুতে ধ্বনিং।
বৃষভস্যেব নির্ঘাতি হেলয়া ঋষভঃ স্মৃতঃ।

গান্ধার গ ছাগ স্বর তুল্য।

বায়ুঃ সমুদ্গতো নাভেঃকণ্ঠ শীর্ষ সমাহতঃ।
নানাগন্ধ বহঃ পুন্যো গান্ধারস্তেন হেতুনা॥

মধ্যম ম ক্রৌঞ্চ স্বর তুল্য, উচ্চারণ স্থান বক্ষ।

তদ্বদেবোত্থিতো বায়ু রুরঃ কণ্ঠ সমাহৃতঃ।
নাভি প্রাপ্তো মহানাদো মধ্যমস্তেন স স্মৃতঃ।

পঞ্চম প পিক স্বর তুল্য,।

প্রাণোঽপানঃ সমানশ্চ উদানো ব্যান এবচ।
এতেষাং সম বায়েন জায়তে পঞ্চমঃ স্বরঃ

ধৈবত ধ অশ্ব স্বর তুল্য তানসান মতে ভেক
স্বর তুল্য উচ্চারণ স্থান ললাট ব্যাকরণ মতে দন্ত

গত্বা নাভে রধো ভাগং বস্তিং প্রাপ্যোর্দ্ধগঃ পুনঃ
ধাবন্নিবচয়ো জাতি কণ্ঠ দেশং স ধৈবতঃ।

নিষাদ নি হস্তী স্বর তুল্য, উচ্চারণ স্থান ললাট।

ষড়্জা দয়ঃ ষড়েতে হত্র স্বরাঃ সর্ব্বে মনোহরাঃ।
নিষীদন্তি যতোলোকে নিষাদস্তেন কথ্যতে।

ঔড়বঃ পঞ্চভিঃ প্রোক্তঃ স্বরৈঃ ষড়্ভিস্ত ষাড়বঃ।
সম্পূর্ণঃ সপ্তভির্জ্ঞেয় এবং রাগ স্ত্রিধা মতঃ।

রাগ রাগিণী তিন ভাগে বিভক্ত যথা ওড়ব, খাড়ব, ও সম্পূর্ণ।
ওড়বে পাঁচ স্বর স, গ, ম, ধ, নি। (ঋ প বর্জ্জিত)
খাড়বে ছয় স্বর স, ঋ, গ, ম, প, ধ,। (নি বর্জ্জিত)
সম্পূর্ণ সাত স্বর স, ঋ, গ, ম, প, ধ, নি।

উদাত্তশ্চানু দাত্তশ্চ স্বরিতশ্চ ত্রয়ঃ স্বরাঃ।

এই সাত স্বর তিন ভাগে বিভক্ত যথাঃ—

খাদ, মধ্যমসপ্তকও উচ্চসপ্তক।
প্রথম অনুদাত্ত, খাদ, উদারা।
দ্বিতীয় সরিৎ অর্থাৎ মধ্যম সপ্তক বা মুদারা।
তৃতীয় উদাত্ত অর্থাৎ উচ্চ সপ্তক বা তারা।

স্বর গ্রামের জাতি কুল ইত্যাদি।

ষড়্জ দেবতাকুল। ব্রাহ্মণজাতি। কমলবর্ণ। জন্মস্থান জম্বুদ্বীপ। অগ্নি মূর্ত্তি। বহ্নি দেবতা। অনুষ্টুপ ছন্দ। হাস্য, ও শৃঙ্গার রস।

ঋষভ মুনিকুল। ক্ষত্রিয় জাতি। হরিতাল বর্ণ। জন্মস্থান শাকদ্বীপ। ব্রহ্মা মূর্ত্তি। ব্রহ্ম দেবতা। গায়ত্রী ছন্দ। শৃঙ্গার রস।

গান্ধার দেবতাকুল। বৈশ্য জাতি। স্বর্ণবর্ণ। জন্মস্থান কুশদ্বীপ

চন্দ্র মূর্ত্তি। স্বরস্বতী দেবতা। ত্রিষ্টুপ্ ছন্দ। হাস্য, রস। মধ্যম দেবতাকুল। ব্রাহ্মণ জতি। কুন্দপুষ্প বর্ণ। জন্মস্থান ক্রৌঞ্চ দ্বীপ। নারায়ণ মূর্ত্তি। মহাদেব দেবতা। বৃহতী ছন্দ। হাস্য, শৃঙ্গার, তীব্র. বীর, অদ্ভুত. ও রৌদ্র, রস।

পঞ্চম। পিতৃ বংশীয়। ব্রাহ্মণ জাতি। শ্যামবর্ণ। জন্মস্থান শাল্মলীদ্বীপ। নারদ মূর্ত্তি। নারায়ণ দেবতা। পংক্তি ছন্দ বীভৎস্য, দৈন্য ও ভয়ানক রস।

ধৈবত। মুনিকুল। ক্ষত্রিয় জাতি। পীতবর্ণ। জন্মস্থান শ্বেতদ্বীপ। তুম্বুরু মূর্ত্তি। গণেশ দেবতা। উষ্ণিক্ ছন্দ। হাস্য ও শৃঙ্গার রস।

নিখাদ। দৈত্যকুল। বৈশ্য জাতি। কর্ব্বুর বর্ণ। জন্মস্থান পুষ্করদ্বীপ। কুবের মূর্ত্তি। সূর্য্য দেবতা। জগতী ছন্দ। হাস্য ও শৃঙ্গার রস।

বিকৃত স্বর শূদ্র।

ব্রহ্মার মতে রাগ ও রাগিণী।

শ্রীরাগ, তস্য ভার্য্যা।

মালশ্রী, ত্রিবণী, গৌরী, কেদারী, মধুমাধবী, পাহাড়ী, এইরাগও রাগিণী কয়েকটী হেমন্ত ঋতুতে গীত হইয়াথাকে।

বসন্ত রাগ, তস্য ভার্য্যা।

দেশী, দেবগিরী, বৈরাটী, টোরী, ললিত, হিন্দোল,। এইরাগও রাগিণীকয়েকটী বসন্ত ঋতুতে গীত হইয়া থাকে॥

পঞ্চম রাগ তস্য, ভার্য্যা।

বিভাষ, ভূপালী, কর্ণাটিকা, পটহংস, মালশী, পটমঞ্জরী

এই রাগও রাগিণীকয়েকটী গ্রীষ্মঋতুতে গীত হইয়া থাকে।
ভৈরব রাগ, তস্য ভার্য্যা।
ভৈরবী, বাঙ্গালী, সৈন্ধবী, রামকেলী, গুর্জ্জরী, গুণকেরী,।
এই রাগ ও রাগিণী কয়েকটী শরৎ ঋতুতে গীতহইয়া থাকে।
মেঘ রাগ, তস্য ভার্য্যা।
মল্লারী, দেবিরিটী, নাবেরী, কৌশিকী, গান্ধারী, হরশৃঙ্গার।
এই রাগ ও রাগিণী কয়েকটী বর্ষা ঋতুতে গীত হইয়া থাকে।
নটনারায়ণ রাগ, তস্য ভার্য্যা।
কামোদী, কল্যাণী, আভিরী, নাটিকা সারঙ্গী, হাম্বিরী।
এই রাগ ও রাগিণী কয়েকটীশিশির ঋতুতে গীত হইয়াথাকে।
ভরত মতে রাগ ও রাগিণী।
ভৈরব রাগ, তস্য ভার্য্যা।
বাঙ্গালী, ভৈরবী, মধ্যমা, সিন্ধুবী, মধুমাধবী, বিরারী।
মালকোশ রাগ, তস্য ভার্য্যা।
টোড়ী, মাঝ, খাম্বাবতী, গুণকেলী, গৌরী, কুকুভা।
হিন্দোল রাগ, তস্য ভার্য্যা।
রামকেলী, বেহাগড়া, বেলাবলী, পঠমঞ্জরী, ললিতা, দেশাক
দিপক রাগ, তস্য ভার্য্যা।
দেশী, কামোদী, কেদারা, কাফী, নট, কানড়া।
মেঘ রাগ, তস্য ভার্য্যা।
দশকার, গুর্জ্জরী, ভূপালী, সুরট, মল্লারী, টঙ্ক।
শ্রীরাগ, তস্য ভার্য্যা।
দেবগান্ধার, বসন্ত, আসোয়ারী, মালশী, ধনাশ্রী, মালশ্রী।

হনুমন্ত মতে রাগ ও রাগিণী।

ভৈরব রাগ, তস্য ভার্য্যা।

বরাতি, মধ্যমাদী, ভৈরবী, সৈন্ধবী, বাঙ্গালী।

মালব রাগ, তস্য ভার্য্যা।

টোড়ী, গৌরী, গন্ধাক্রী, খম্বাবতী, কুকুভা।

শ্রীরাগ, তস্য ভার্য্যা।

মলয়াশ্রী, মারতী, ধ্যানশ্রী, বাসন্তী, আসোয়ারী।

হিন্দোল রাগ, তস্য ভার্য্যা।

রামক্রী, দেশাক্ষী, ললিত, বেলাবলী, পঠমঞ্জরী।

দিপক রাগ, তস্য ভার্য্যা।

দেশী, কাম্বোদী, নেতা, কেদারী, কর্ণাটী।

মেঘ রাগ, তস্য ভার্য্যা

টেঙ্কা, মল্লারী, গুজ্জরী, ভূপালী, দেশাক্রী।

উদারা হৃদয় হইতে নি ধ প ম গ ঋ সা হৃদয়ে বেশী জোর লাগে

মুদারা কণ্ঠ হইতে সা ঋ গ ম প ধ নি কণ্ঠে বেশী জোর লাগে।

তারা মস্তক হইতে সা ঋ গ ম প ধ নি মুদারা গ্রামের সর্ব্বোচ্চ স্বর অর্থাৎ নি হইতে আর উচ্চ করিলে, মস্তকে বেশী জোর লাগে। এই তিন গ্রামকে হিন্দিতে নাভি বুকি ও শিরি কহে

সুরের সূক্ষ্মাংশকে শ্রুতি কহে। শ্রুতি বাইশটী।

শ্রুতিস্থানে স্বরান্ বক্তুং নালং ব্রহ্মাপি তত্ত্বতঃ।
জলেচ সুতরাং মার্গো মীনানাং নোপ লক্ষ্যতে।
গগণে পক্ষিনাং যদ্বত তদ্বত স্বর গতাশ্রুতিঃ।

ষড়জের মধ্যে চারিটী শ্রুতি আছে যথা তীব্রা, কুমুদ্বতী, মন্দা, ছন্দবতী।

ঋষভের মধ্যে তিনটী শ্রুতি আছে যথা দয়াবতী, রঞ্জণী রতিকা।

গান্ধারের মধ্যে দুইটী শ্রুতি আছে যথা রৌদ্রা, ক্রোধী।

মধ্যমের মধ্যে চারিটী শ্রুতি আছে যথা বজ্রিকা, প্রসারিণী প্রীতি, মার্জ্জনী।

পঞ্চমের মধ্যে চারিটী শ্রুতি আছে যথা ক্ষিতি, রক্তা, সন্দীপিনী, আলাপনী।

ধৈবতের মধ্যে তিনটী শ্রুতি আছে যথা মন্দন্তী, রোহিণী, রম্যা।

নিষাদের মধ্যে দুইটী শ্রুতি আছে যথা উগ্রা, ক্ষোভিণী। এই শ্রুতি গুলির মধ্যে কতক গুলি সংগীতে ব্যবহৃত হয়। তন্মধ্যে যেগুলি উচ্চ শুদ্ধ সুরের পরিবর্ত্তে ব্যবহৃত হয় তাহা দিগের নাম কোমল সুর, তীব্র অথবা কড়ি।

যে গুলি কোন নিম্ন শুদ্ধ সুরের পরিবর্ত্তে ব্যবহৃত হয় তাহা দিগের নাম তীব্র বা কড়িসুর। লিখিত সুর সকল কোমল ব্যবহৃত হয় যথা ঋ গ ধ নি কেবল মধ্যম তীব্র ব্যবহার হয় অর্থাৎ কোমল পঞ্চম, ইহার নাম কড়ি মধ্যম

মূর্চ্ছনা।

সুরান্তরকে মূর্চ্ছনা কহে। মূর্চ্ছনা একুশটী।

স্বরঃ সং মূর্চ্ছিতো যত্র রাগতাং প্রতিপদ্যতে।
মূর্চ্ছনা মিতি তামাহুঃ কবয়োগ্রাম সম্ভবাং।

ললিতা, মধ্যমা, চিত্রা, রোহিণী, মতঙ্গজা, সৌবীরী, ষণ্ডমধ্যা পঞ্চমা, মৎসরী, মৃদুমধ্যা, শুদ্ধা, অন্তা, কলাবতী, তীব্রা, রৌদ্রী, ব্রাহ্মী, বৈষ্ণবী, খেদরী, সুরা, নাদাবতী, বিশালা

গ্রাম।

ষড়্জ মধ্যম গান্ধারা স্ত্রয়ো গ্রাম মতা ইহ।
ষড়্জ গ্রাম ভবেদত্র মধ্যম গ্রাম এবচ।
স্বর লোকেচ গান্ধারো গ্রামঃ প্রচরতি স্বয়ং।

মূর্চ্ছনা ও তানাদির আশ্রয় স্বরূপ স্বর সমূহকে গ্রাম কহে গ্রাম। ষড়্জ গ্রাম, মধ্যমগ্রাম, গান্ধার গ্রাম।

মাত্রা।

একমাত্রো ভবেদ্ধ্রস্ব দ্বিমাত্রো দীর্ঘ উচ্যতে।
ত্রিমাত্রস্তু প্লুতো জ্ঞেয়ো ব্যঞ্জনং চার্দ্ধ মাত্রকং।

এক একটী বর্ণের উচ্চারণ কালকে এক একটি মাত্রা বলে। এক মাত্রা হ্রস্ব যথা অ। দ্বিমাত্রা দীর্ঘ যথা অ, অ। ত্রিমাত্রা প্লুত যথা অ, অ, অ। ব্যঞ্জন অর্দ্ধ মাত্রা যথা, ক্।

দূরাহ্বানেচ গানেচ রোদনেচ প্লুত মতঃ।

রাগ রাগিণীনাং ভাব নিরূপণং।

মালবশ্চ শ্রীশ্চ হিন্দোলো মল্লার স্তন্ নন্তরং।
গায়ন্তি গায়কা ধীঃ সানন্দেন চতুষ্টয়ং ॥
বসন্তো রাগঃ কর্ণাটোদ্ধৌ বীরৌ ভরতঃ ক্রমাৎ।
ধানসী মালসী চৈব ভৈরবী মাধবী তথা ॥
সুভগা পঞ্চমী লাটী বেলোয়ারীচ গুজ্জরী।
কামোদা চাপি কল্যাণী কোড়া কেদারিকা তুড়ি ॥
কৌমারী মায়ূরী চৈব দেশকারীচ সিন্ধুড়া।
রাম কেলীচ ভূপালী রাগিণ্য শ্চেতি বিংশতিঃ ॥
আনন্দাংশা ইতি প্রোক্তা গীয়ন্তে গান কোবিদৈঃ
পুরবী কানড়া গৌরী রামকীরীচ দীপিকা।
আশাবরী বিভাষচ বড়ারীচ গড়া তথা ॥
এতাশ্চ নব রাগিণ্যো বীরাংশে গান মুত্তমং।
বেলা বলীচ গান্ধারী ললিতা পঠমঞ্জরী ॥
বৈরাগী রাগিণী চাপি মোর হারিচ পাহিড়া।
করুণাংশাবিজ্ঞা নীয়াঃ সপ্তৈতা রাগ যোষিতঃ ॥

মালব, শ্রী, প্রভৃতি ২৬টী রাগ ও রাগিণী আনন্দাংশে, পুরবীআদি করিয়া ৯টী রাগ ও রাগিণী বীরাংশে, ও বেলা বলি আদি করিয়া ৭টী রাগিণী করুণাংশে গীত হয়।

রাগ রাগিণী গাহনার সময় ও ধ্যান।

দিবা এক দণ্ড হইতে পাঁচ দণ্ড পর্য্যন্ত।

যোগিআ জাতি সম্পূর্ণ।
খট
আসোয়ারি জাতি সম্পূর্ণ।
গান্ধার জাতি সম্পূর্ণ।

সন্ধ্যাস্থু কালে গৃহমধ্য দেশে প্রবাদয়ন্তীহ পিনাক যন্ত্রং। ধারা ধরা ধাতু বিচিত্রিতাঙ্গী গান্ধারিকা গন্ধ অজং নিদে।

দেবগান্ধার।
ভাটিয়ারি জাতি সম্পূর্ণ।
গুণকেলী জাতি সম্পূর্ণ।
আনন্দ ভৈরবী।
কালাংড়া।
ভৈরব জাতি সম্পূর্ণ।

মহাদেব আকার বৎ। সুন্দর সন্ন্যাসী। ভস্ম মুক্ষিত বদনঃ। জটা মস্তকঃ। জটা পতদগঙ্গা-জলঃ। কঙ্কণ ভূষিত হস্তঃ। ললাটার্দ্ধচন্দ্রঃ। ত্রিনেত্র সর্প বেষ্টিত স্কন্দ বাহুঃ। ভাল তিলক স্কন্দস্থ হস্তি চর্ম্মা। অথবা দ্বীপি চর্ম্মোপবিষ্ট গল মুণ্ডমাল ত্রিশূল হস্ত অথবা সম্মুখ পোথিত ত্রিশূল পার্শ্বস্থ বৃষশ্চ।

ভৈরবী জাতি সম্পূর্ণ।

সরোবরস্থা স্ফটীকস্য মন্দিরে সরোরুহৈঃ শঙ্কর মর্চ্চয়ন্তী। তাল প্রয়োগ প্রতিরঙ্গ গীতি গৌরী তন্নু র্ভৈরবিকা সতীয়ং।

বঙ্গালী জাতি সম্পূর্ণ।

মনোজ্ঞ মুক্তা গুণ ভূষিতাঙ্গী শুকং দধানা ধরণী ধরস্থা। প্রাংশুঃ কুমারী কমনীয় মূর্ত্তি বঙ্গালিকেয়ং শুচি সাঙ্গ গীতাঃ।

রামকিরী।

প্রতপ্ত চামীকর চারুকঙ্কু কর্ণাবতংসং কমলং বহন্তী পুস্পং ধনুঃ পুষ্প শরৈর্দধানা চন্দ্রাননা রামকিরী প্রদিষ্টা।

দেশকারী।

সুন্দরস্ত্রী তিলযুক্তাননা কমলপত্রাক্ষী দাড়িমস্তনী গৌরাঙ্গী বিম্বোষ্ঠী মুক্তাহার কণ্ঠী কর্পূর চন্দন লিপ্তাঙ্গী সালঙ্কারা নায়কেন সহো- প বিশ্য হাব ভাব কটাক্ষান্ কুর্ব্বতী।

রামকেলী জাতি সম্পূর্ণ।

অধ্যাপয়ন্তী শুক সারু সারীঃ শ্রীরাম রামেতি সুবেশ লক্ষ্মীঃ। বামস্তনার্দ্ধ স্খলিতাং শুক- শ্রীঃ শ্রীরামকেলী কথিতা কবিন্দ্রৈঃ।

দিবা ছয় দণ্ড হইতে দশ দণ্ড পর্য্যন্ত।

বিভাষ জাতি খাড়ব।

দেবকিরী।

ভ্রমন্তী নন্দনে শ্যামা পুষ্প প্রচয় তৎপরা।
খ্যাতাদেব কিরীহ্যে যা করার্পিত সখীকরা।

কুকুভা জাতি সম্পূর্ণ।

পীতং বসানা বসনং সুকেশী বনে রুদন্তী
পিকনাদ হুনা। বিলোকয়ন্তী কুকুভো হতি-
ভীতা মূর্ত্তিঃ প্রদিষ্টা কুকুভ স্তথেয়ং।

আলাহিয়া জাতি সম্পূর্ণ।

বেলাবলী জাতি সম্পূর্ণ।

সঙ্কেতি তোৎ ফুল্ল লতা নিকুঞ্জে কৃত স্থিতিঃ
কান্ত সমা গমায। বেলাবলী চম্পক মৌলিনী
সাবালা বিচিত্রা ভরণা নিরুক্তা।

পঠ্ মঞ্জরী জাতি সম্পূর্ণ।

বিয়োগিনী কান্ত বিতীর্ণ পুষ্পাং স্রজং বহন্তী
বপুষাতি মুগ্ধা। আশ্বাস্য মানা প্রিয়াচ সখ্যা
বিধ্ বরাঙ্গী পঠ্ মঞ্জরীয়ং।

সর্ ফর্দা জাতি সম্পূর্ণ।

জুহা জাতি সম্পূর্ণ।

দিবা একাদশ দণ্ড হইতে ষোল দণ্ড পর্য্যন্ত।

সিন্ধুরা।

যদেহত্রে নীলদ্যুতি রক্ত জাকী প্রবাদয়ন্তী কপি-
লাশ যন্ত্রং। বিচিত্র রত্নাভরণা সুকেশীসা
সিন্ধুরা কান্ত সমীপ সংস্থা।

সিন্ধুবী—জাতি সম্পূর্ণ।

কাফি সিন্ধু।

তোড়ি—জাতি সম্পূর্ণ।

সুনৃত্য মানাতি সুশীল যুক্তা মুক্তালতা কল্পিত
হার যষ্টিঃ। চতুরাঙ্কুরং পাণি যুগে বহন্তী
জবারুণাঙ্গী তোড়ি কেরিতেয়ং।

গুজরী—জাতি সম্পূর্ণ।

শ্যামা সুকেশী মলয় দ্রুমানাং মৃদুল্লসৎ পল্লব
কল্পশাতা। শ্রুতে স্বরাণাং দধতী বিভাগাং
তন্ত্রী মুখা—দক্ষিণ গুজরীয়ং।

মুখরাই—জাতি সম্পূর্ণ।

কাফি।

দিবা সতর দণ্ড হইতে ১ড়ি দণ্ড পর্য্যন্ত।

বৃন্দাবণী— সারঙ্গ জাতি ওড়ব।

মধুমাত সারঙ্গ—জাতি সম্পূর্ণ।

গৌড় সারঙ্গ—জাতি সম্পূর্ণ।

পটহংর্শকা—জাতি সম্পূর্ণ।

শুদ্ধ সারঙ্গ।

দেও সাক—জাতি সম্পূর্ণ।

সুরূপা নারী চন্দ্র বদনা ক্রোধনা কলহ প্রিয়া রোষ হর্ষা নিকোষ করবাল করা মলুবৎ ধূল্যব গুণ্ঠিত বাহু বক্ষা বল মর্দ্দিত কক্ষ স্থাপিত শক্র পক্ষা সর্ব্বদা স্ব সমীপ স্থাপিত নায়কা।

বসন্ত—জাতি খাড়ব।

চূতাঙ্কুরেণৈব কৃতাবতংসো বিঘূর্ণ ঘানারুণ নেত্র পদ্মঃ পীতাম্বরঃ কাঞ্চন চারু দেহো বসন্ত রাগো যুবতী প্রিয়শ্চ।

মাঝা।

দিবা একুশ দণ্ড হইতে চব্বিশ দণ্ড পর্য্যন্ত।

ভীম পলশ্রী—জাতি সম্পূর্ণ।

রাজ বিজয়—জাতি সম্পূর্ণ।

ধানি।
ধবলশ্রী—জাতি সম্পূর্ণ।
মুলতানী—জাতি সম্পূর্ণ।
পিলু—জাতি সম্পূর্ণ।
মালিগৌরা—জাতি সম্পূর্ণ।

দিবা ২৫ দণ্ড হইতে ২৮ দণ্ড পর্য্যন্ত।

পূরবী—জাতি সম্পূর্ণ।

অহঃ সুকান্ত প্রিয়মাণ পত্রং মধ্যং বহন্তী কুচ কুম্ভ যুগ্মে। দুর্ব্বাদল শ্যাম তনুঃসকামা পুরাতনৈঃ সা পুরবী নিরুক্তা॥

বরাটী
আহেরী—জাতি সম্পূর্ণ।
মানশ্রী—জাতি সম্পূর্ণ।
মালশ্রী—জাতি ওড়ব।

রক্ত বর্ণাস্ত্রী কোমলাঙ্গি পীতবস্ত্র পরিধানা কৌতুকাদ্ ভ্রমন্তি সতী নায়কান্তিকা সখিগণেন সহ হাস্য যুক্তা তরু তলোপবিষ্টা।

পূরিয়া—জাতি খাড়ব।
ধনাশ্রী।

বিয়োগিনী নারী রক্তবস্ত্র পরিধানা বিয়োগজ

সন্তাপেন দুঃখিতাতিকৃশা একাকিনী রোরুদ্যমানা বকুলতরু তলোপবিষ্টাং।

টোরী।

দিবা উনত্রিশ দণ্ড হইতে ত্রিশ দণ্ড পর্য্যন্ত।

শ্রীরাগ—জাতি সম্পূর্ণ।

লীলাবতারেণ বনান্তরাণি চিন্বন্ প্রসূনানি বধূ সহায়ঃ বিলাস বেশোহ্যতি দিব্য মূর্ত্তিঃ শ্রীরাগ এব প্রথিতঃ পৃথীব্যাং।

সাজোগিনী।

টঙ্ক।

মালব—জাতি খাড়ব।

নিতম্বিনী চুম্বিত বক্ত্র পদ্মঃ শুক দ্যুতিঃ কুণ্ডল বান্ প্রমত্তঃ। সঙ্গীত শালী প্রবিশন প্রদোষে মালা ধরো মালব রাগরাজঃ।।

ত্রিবণী—জাতিসম্পূর্ণ।

রম্ভায়াস্ত তরোর্মূলে নিষণ্ণা পীত বর্ণ ভাক্। তম্বঙ্গী হারসংযুক্তা প্রিয়েণ ত্রিবণী মতা।।

চিত্রা।

গৌরী—জাতি সম্পূর্ণ।

আরাম মধ্যগতা কুমারিকা শরদেন্দু মুখলক্ষ্মীঃ।
রাড়ী দাড়িম বীজং দধতী কীড়াননে গৌরী॥

শ্রীগৌরী।

——:*:——

রাত্রি এক দণ্ড হইতে পাঁচ দণ্ড পর্য্যন্ত।

কামোদী।

ভর্ত্তুঃসমং পাথসি সন্তরন্তী পয়ো বিহারেণ
সরো রুহাণি। বিচিন্বতী সৌরভ মোদমানা
কামোদ রাগিণ্যদিতা গুনজ্ঞৈঃ॥

ছায়ানট—জাতি সম্পূর্ণ।

কেদারী—জাতি সম্পূর্ণ।

স্নাত্বা সমুত্তীর্ণবতী সুদেহা কেশ প্রনিস্য-
বারি বিন্দুঃ নিষ্পীড়য়ন্তী তিমিরং শুকান্তং
রিকা রক্ত পয়োধর শ্রীঃ॥

শ্যাম—জাতি সম্পূর্ণ।

হাম্বির—জাতি সম্পূর্ণ।

রাত্রি ৬ দণ্ড হইতে ১০ দণ্ড পর্য্যন্ত।

ইমন্- জাতি সম্পূর্ণ।

কল্যাণ—জাতি সম্পূর্ণ।

ব্যাধূতা নট নৃত পরিশ্রমেণ বালা লীলাভিঃ
সুদতি কৃতাদরা নটীনাং কল্যাণী কলয়তি মত্ত
হস্তী এণ প্রস্থানং মুখরিতা কিঙ্কিণী কলাপং।

শুদ্ধ পুরিয়া।

জয় জয়ন্তী।

ভুপালী—জাতি খাড়ব।

স্বনায়কং পুষ্পলতাধিরূঢ়া হসনমুখী সর্ব্ব
মুদং বহন্তী। স্বনানি শশ্বদ্বিতনোতি মুগ্ধা ভুপা-
লিকা সা স্খলদুত্তরীয়া॥

রাত্রি ১১ দণ্ড হইতে ১৫ দণ্ড পর্য্যন্ত।

শুদ্ধ কানাড়া।

অশোক বৃক্ষস্য তলে নিষন্না বিয়োগিনী
বাষ্প কণাঞ্চিতাঙ্গী। বিভূষিতাঙ্গী জটিলেব
বালা সা কানাড়া হেমলতেব তন্বী।

খাম্বাজ—জাতি সম্পূর্ণ।

পরজ—জাতি সম্পূর্ণ।

আড়ানা জাতি সম্পূর্ণ।

সাহানা—জাতি সম্পূর্ণ।

বাগেশ্বরী—জাতি সম্পূর্ণ।

সিন্ধুরা।

লুম—জাতি সম্পূর্ণ।

মালকোশ—জাতি ওড়ব নামান্তরং কৌশিক।

পাটল বর্ণ পুরুষঃ। নীল পরিচ্ছদঃ। যষ্টিহস্তঃ। যৌবন মদমত্তঃ স্ত্রীভিঃ সহ হাস্য কৌতুকান্বিতঃ। শত্রু মস্তক মাল্য গলোঽথবা বৃহম্মুক্তা মাল্য গলঃ।

রাত্রি ১৬ দণ্ড হইতে ২০ দণ্ড পর্য্যন্ত।

বেহাগ—জাতি সম্পূর্ণ।

বিহংগড়া—জাতি সম্পূর্ণ।

টঙ্ক।

শঙ্করা—জাতি সম্পূর্ণ।

শঙ্করা ভরণ—জাতি সম্পূর্ণ।

রতি বাহী।

সুরট—জাতি সম্পূর্ণ।

ঝিঝিট—জাতি সম্পূর্ণ।

বারোঁয়া—জাতি সম্পূর্ণ।

মালোয়া।

মেঘ—জাতি খাড়ব।

সুন্দর পুরুষঃ। শ্যাম র্ণঃ। উষ্ণীষ বদ্ধ-কেশঃ। শাণিত খড়্গ হস্তঃ।

রাত্রি ২১ দণ্ড হইতে ২৫ দণ্ড পর্য্যন্ত।

নট নারায়ণ—জাতি সম্পূর্ণ।

কেদার—জাতি সম্পূর্ণ।

কেদার নট।

কর্ণাট—জাতি সম্পূর্ণ।

কৃপাণ পাণি স্তুরগাধিরূঢ়ো ময়ূর কণ্ঠাতি সুবর্ণ কান্তিঃ। স্ফুরৎসিত স্নিগ্ধরসঃ প্রশান্তঃ কর্ণাট রাগো হরিতাল বর্ণঃ॥

দেশকার।

সার্দ্ধং সখীভি বিজনে বসন্তী বিচিত্র বক্ষোজ নিতম্বসজ্জা। নিরীক্ষ্য মানাননদর্পণা যা সা দেশকারী কথিতা গুণজ্ঞৈঃ॥

রাত্রি ২৬ দণ্ড হইতে ২১ দণ্ড পর্য্যন্ত

হিন্দোল—জাতি ওড়ব।

নিতম্বিনী মন্দ তরঙ্গিতাসু দোলাসু খেলাসু

স্ব মা দধানঃ। খর্ব্বঃকপোল দ্যুতি কাম যুক্তো
হিন্দোল রাগঃ কথিতো মুনিন্দ্রৈঃ॥

সাহিনী—জাতি খাড়ব।

জয়জয়ন্তী—জাতি সম্পূর্ণ।

কামোদ—জাতি সম্পূর্ণ।

রাত্রি ৩০ দণ্ড সময়ে।

ললিত—জাতি সম্পূর্ণ।

প্রফুল্ল সপ্তচ্ছদ মাল ধারী যুবাতি গৌরো
ঽলস লোচনশ্রীঃ। বিনিঃসরন্ বাস গৃহাৎ
প্রভাতে বিলাসী বেশো ললিতঃ প্রদিষ্টঃ॥

দিবা ও রাত্রি এতদুভয়ের মধ্যে যে সময়ে যে রাগ ও রাগিণী গাইবার নিয়ম নির্দ্ধারিত আছে, তাহা ও তাহাদের ধ্যান যথাস্থানে লিখিত হইয়াছে। ঐ সকলের মধ্যে কোন কোন রাগ ও রাগিণীর দ্বিতীয় প্রকার ধ্যান প্রাচীন সংগীত বেত্তাগণ বর্ণনা করিয়া গিয়াছেন। তাহাদের ধ্যান, ও এমত কতকগুলি রাগ ও রাগিণী আছে যেগুলি গাইবার কোন নিরূপিতকাল অবধারণ করা গেল না ঐ গুলির কেবলমাত্র ধ্যান এস্থানে লিখিত হইল।

যে রাগ ও রাগিণীগুলির গাইবার কালনির্দ্দিষ্ট রূপে লিখিত হইল না সেগুলি যে রাগের আশ্রিত সেই রাগ গাইবার যে কাল নিরূপিত আছে সেইকালে গেয়।

রঙ্গভূমৌ নৃপ জ্যায়াং কাল দোষো ন বিদ্যতে।
লোভা মোহাচ্চ যে কেচিৎ গায়ন্তি, কিরা তং
স্বরসা গুজ্জরী তস্য দোষ সঙ্গীত কথাতে।
দশদণ্ডাৎ পরংরাত্রৌ সর্ব্বেষাং গান মীরিতং॥

আশাবরী।

জবা প্রসুন দ্যুতি বিম্ব বক্ত্রা সক ন পদ্মং
করয়ো র্দধনা। ক্ষৌ মাং শুকাচ্ছাদিত গাত্র যষ্টি
রাশাবরী রঙ্গকিলা বিশুদ্ধা॥

মল্লার—জাতি সম্পূর্ণ।

বিহার শীলোতি সুকান্ত দেহঃ কান্তা প্রিয়ো
ধার্ম্মিকঃ শীল যুক্তঃ। কামাতুরঃ পিঙ্গল নেত্র
যুগ্মো মল্লার রাগঃপ্রিয় কৃৎ সুবেশঃ॥

পঞ্চম—জাতি সম্পূর্ণ।

সংগীত গোষ্ঠীষু গরিষ্ঠ ভাবং সমাশ্রিতা গায়ন
সম্প্রদায়ৈঃ। খর্ব্বাঙ্গিনী নূপুর পাদ পদ্মা সা
পঞ্চমী পঞ্চম বেদ বেত্রী॥

পাহাড়ী—জাতি সম্পূর্ণ।

ভর্ত্ত র্দধানা চরণার বিন্দং নিষেধয়ন্তী পর-

দেশমানং। প্রবাস দাম্পত্য সুখে নিমগ্না সা পাহিড়া সংকথিতা কবিন্দ্রৈঃ ॥

বড়ারী—জাতি সম্পূর্ণ।

কর্ণে দধানা স্মর পুষ্প যুগ্মং স্ফুরৎস্ব-বক্ষোজ মনোহরাঙ্গী। স্মেরানন চারুবিলোল নেত্রা বরাঙ্গনেয়ং কথিতা বড়ারী ॥

মোরহাটী।

উৎপন্ন মাত্রে প্রথমাপরাধে মানং পুনঃ কর্তুমনাশ্চিরেণ। ঋজু স্বভাবান্নিয়তং রুদন্তী সা মোরহাটী হঠকেলি রুষ্ট ॥

আভেরী।

গৌড়ী।

ঝুমরি।

প্রায়ঃ শৃঙ্গার বহুলা মাধ্বীক মধুরা মৃদু একৈব ঝুমরি লোকে বর্ণাদী নিয়মোজ্ঝিতা।

ত্রোটকী।

দীপক।

বর্ণে রক্তঃ। বস্ত্রং পাটল বর্ণং।

ভূষণাং বৃহন্মুক্তা মালাং। মত্ত হস্ত্যা রূঢ়ো স্বয়ং বহুস্ত্রী পরিবৃতশ্চ। কস্যচিন্মতে লজ্জয়া দীপ নির্ব্বাপনেনান্ধকার ময়ং গৃহং কৃত্বা স্ত্রীভী রমন্তে॥

দীপিকা।

প্রদোষ কালে গৃহ সম্প্রবিষ্টা প্রদীপ হস্তা- রুণ গাত্র বস্ত্রা। সীমন্ত সিন্দূর বিরাজমানা সুরক্ত মাল্যাকিল দীপীকেয়ং॥

দেবকিরি।

দেবগান্ধারী।

দেবগিরী।

অত্যভিরাম ঘনশ্যাম তনুঃ উত্তুঙ্গ পীন স্তনী হার কণ্ঠ ভূষণা। স্ত্রী পঙ্‌ক্তি মধ্যস্থা মও চকোর নয়না সুভঙ্গ দীচ॥

দেবাল।

দেশী।

প্রথম ধ্যান—সুরূপা নারী হরিদ্বসন। অলঙ্কৃতা যৌবন মদেন কামাসক্তা সতী নায়ক পথ নাগর নাগস্থা নিধুবন রতাঃ।

দেশী।

নিদ্রা যুক্ত নয়না, আলস্য যুক্তা, প্রিয়াভি মুখিনায়কস্য নিদ্রা ভঞ্জনার্থং মনোরঞ্জন তালং গায়ন্তী রমণেচ্ছয়া রচিত বেশাভূষণগণ শোভিতা গৌরাঙ্গী পরিহিত হরিদ্বর্ণ শাটিকা ॥

দ্রবিড়ী।

ধবশ।

নট।

রক্ত বর্ণা নারী নব যৌবনা সালঙ্কৃতা অশ্বারূঢ়া পুরুষবৎ পরিহিত বসনা নিঃকোষ করবালং ধৃত্বা। সক্রুরাক্রমমানা।

ভাষা।

অধ্যাপয়ন্তী নিজ শিষ্য বৃন্দং সঙ্গীত শাস্ত্রাণি বিবেচনাভিঃ। মনোহরা হার লতাভি রামা সমস্ত ভাষা কুশলা বিশেষা ॥

মোটকী।

রক্ত হংস।।

বঙ্গাল।

কক্ষা নিবেশিত করণ্ডবরস্তপস্বী ভাস্বং

ত্রিশূল পরিমণ্ডিত বাম হস্ত ভস্মোজ্জ্বলো নিবিড় বদ্ধ জটাকলাপো বঙ্গাল ইত্যভিহিত স্তরুণার্ক বর্ণঃ।

সিন্ধু—জাতি সম্পূর্ণ।

হিন্দোল।

অল্প বয়ঃ সুন্দরঃ পীতবর্ণঃ উত্তমাঙ্গঃ স্বর্ণময় হিন্দোলারূঢ়ঃ সুসজ্জিত সুন্দরী স্ত্রীভিঃ গীতং গায়ন্তীভিঃ হিন্দোলান্দলয়ন্তীভিশ্চ সহ পরমানন্দেন হাস্য কৌতুককারী।

শ্রীরাগ।

সুন্দর পুরুষঃ শুক্ল বস্ত্র পরিধানঃ মতান্তরে রক্ত বস্ত্র পরিধানঃ স্ফটিক পদ্মরাগ মণিমালা গলঃ পদ্ম পুষ্প হস্তঃ বিচিত্র সিংহাসনারূঢ়ঃ অস্য সংমুখে গায়ন্তি গায়কাঃ।

হিল্লোল।

হাসাভিলাসেন পত্তন পৃথিব্যাং উত্থাপিত স্তংক্ষণ মালি বৃন্দৈঃ। উল্লোল সঙ্গীত সঙ্গে বিদগ্ধো হিল্লোল রাগঃ কথিতো রসজ্ঞৈঃ॥

মারবা অথবা মালবা।

স্বর্ণ বস্ত্র পরিধানা, পুষ্প মালা ধরা, নায়ক মেলনার্থ সেবাবিনী সঙ্কেত স্থানোপবিষ্টা।

বসন্ত রাগিণী।

সুন্দর পুরুষাকৃতি কস্য চিন্মতে শ্যামবর্ণা রক্ত বসনা ময়ূর পুচ্ছ শিখা আম্র মুকুল হস্তা, যৌবন মদন মদ মত্তা পুষ্প মাল্য গল দেশা। পুষ্পোদ্যানে সহ নর্ত্তকী সুস্বর গায়নী ভিঃ সুখেন রাগ রঙ্গ যুতা বাম হস্ত ধৃত তাম্বুল বীটিকা স্ত্রীগণ সহিত হাস্য কৌতুক ক্রীড়া নৃত্য গীত বাদ্যাসক্তা।

আশাবরী।

শ্যাম বর্ণা স্ত্রী, কোমলাঙ্গী শ্বেত শাটী পরিধানা, কর্পূরানুলেপনা, হস্ত পদয়োর্হং সর্প বেষ্টিতা কেশৈর্ব্বদ্ধ চূড়া জল মধ্যস্থ পর্ব্বত গুহায়া মুপবিষ্টা।

মালশী।

করে যুতা চাম্বুজ যুগ্ম রমা ইতস্ততশ্চারু

বিলোকয়ন্তী। কণ্ঠস্ফুরন্মৌক্তিক রত্নহারা
সা মালসী সংকথিতা বিচিত্রা।

মাধবী।

সংগৃথ্য সংগৃথ্য গলে দধানা প্রসূন মালা
দয়িতেন বাল্যা। গৌরী স্বকান্তানন চুম্বিতাস্যা।
সা সুন্দরী মাধবী না নিকুঞ্জে॥

কোড়াকলা।

সুকচ্ছপীং বাদয়তি স্ব ভর্ত্তু র্গানার্থমভ্যা
স্যতি সম্মুখেন। সদৈব তালা বিহিতাচ মালা
কোড়াকলা তানবতী মতাসা।

সুভগা।

রসনয়া সুবিচার কৌতুকং বিদধতী কবি
কোবিদ কৌতুকং। সুকবিতামৃত ভাবন তৎ-
পরা ভগবতী সুভগা সমুদাহৃতা॥

গৌরী।

পুষ্পোদ্যানে সার্দ্ধমালী কপালৈঃ ক্রীড়-
ন্ত্যেবং কোকিল কাকলীষু। রামা শ্যামা সদ্
গুণানাধরু সীমা গৌরী গৌরবালোকদিষ্টা।

কৌমারী।

অট্টালিকায়াং স্ফুট কৌমুদীভিঃ প্রকাশিতায়াং রজনী বিহারং। অহ্লায় কান্তেন সমং বসন্তী কৌমারিকা কামকলা বহন্তী ॥

বেলোয়ারী।

গৌরী পদাম্ভোজ মভ্যর্চ্চয়ন্তী গন্ধোদ্ভবং গন্ধ মাল্যং দধানা। নানা রত্নোপায়নৈর্ভক্তি ভাবৈ বেলোয়ারী কথ্যতে বালিকেয়ং।

বৈরাগী।

উল্লাসয়ন্তী ধম্মিল্লে রহঃস্থান্ প্রাণ বন্ধুনা। মালতী কুসুম স্রগ্‌ভি বৈর্ব্বরাগী রাগিণী স্মৃতা।

গুজ্জরী।

কর্ণোৎ পলালম্বী মধুব্রতালী শৃণোতি সা মঞ্জুল কুজিতালি। কান্তান্তিকং গন্তুমনাঃ প্রদোষে সা গুজ্জরী বেশকলো চিতাঙ্গী।

মায়ূরী

ময়ূর কেকা শ্রবণোল্লসন্তী ময়ূরিকা নৃত্য

ততং কিরন্তী। ময়ূর কান্তীব স্নিতিং দধানা মায়ূরীকা সংকথিতা গুণজ্ঞৈঃ॥

দূতী।

চিরং নটন্তী শুভ রঙ্গ মধ্যে সংপ্রার্থয়ন্তী নটিনং বসন্তং। সুগীত তালেষু কৃতাবধানা নটীষু নাটী পরিধ্বান দেহা॥

বড়া।

বিশেষ বৈদগ্ধ্যবতী সমস্তান্ কলা বিলাসেন বিমোহয়ন্তী। বৃহৎস্মিতস্বা পরিপুষ্ট দেহা বড়া প্রলম্ব স্তনভার ভব্যা॥

ভৈরবী।

অল্প বয়স্কা। সুরূপা। সুনেত্রা। বিস্তার বদনা। পিঙ্গল কেশা। কোমলাঙ্গী রক্তবর্ণা। শ্বেত বসনা। গল শোভিত চম্পক মালা। প্রফুল্ল পদ্ম যুক্ত পর্ব্বত গুহায়াং শিব পূজা পরায়ণা। তত্র মঞ্জীর বাদকা গায়ন্তিচ।

ললিতা।

উরসি কেশ চয়স্য সুসারং বিদধতীশয়নো-

স্মিত চারু বেশাং। বিলুলিতালক বল্লি কৃশাঙ্গী ভাস্বরা ললিতা কথিতা বুধৈঃ ॥

মালসী।

নীলার বিন্দস্য দলানি বালা বিধারয়ন্তী তনু দেহ যষ্টিঃ। মালুর বৃক্ষস্য তলে নিষণ্ণা শ্যামা মৃদু মালসিকা প্রদিষ্টা ॥

ধানসী।

নীলোৎপলং কর্ণযুগে বহন্তী শ্যামা সুকেশীচ সুমধ্য ভাগা ঈষৎ সহাসাম্বুজ রম্য বক্তা। সা ধানুসী পদ্ম সুচারু নেত্রা।

হিন্দোল রাগ পুত্র।

আভীর, শুভ্র, ধবল, চন্দ্রকাস, বিমোহা, চন্দ্রকান্ত, স্নেহ বেদ।

হনুমন্ত মতে হিন্দোল রাগ পুত্র।

চন্দ্র বিম্ব, মঙ্গল, শুভ, আনন্দ, বিনোদ, প্রধন, গৌর, বিভাস,।

ভরত মতে হিন্দোল রাগ পুত্র।

বসন্ত, মালব, মারু, কুশল, বথার বন্দ, লঙ্কাদহন, নাগধুন, ধবল।

এষাং ভার্য্যা।

লীলাবতী, করবী, চযতী, পূরবী, পারাবতী, তিরবণী দেবগিরী সুরসতী।

হনুমন্ত মতে।

শ্রীরাগ পুত্র।

সিন্ধু, মালব, গৌড় অথবা গৌণ্ডঃ অন্য স্থানে কেচিৎ কল্যাণঃ ইতি কেচিচ্চ হামীর। গুণ সাগর, কুম্ভ, গম্ভীর, শঙ্কর অথবা আগড়, বিহাগর।

সোমেশ্বর মতে শ্রীরাগের পুত্র।

শ্রীরমণ, কোলাহল, সামন্ত, শঙ্করণ, রাকেশ্বর, খটরাগ, বড়হংস, দেশকার।

তেষাং ভার্য্যা যথা।

বিষ্যা, ধাযা, কুন্ত, সুহনী, শরদা, ক্ষেমা, শশরেখা, সুরসতী।

এরূপ কতকগুলি রাগ ও রাগিণী আছে যাহা দিবা ও রাত্রির মধ্যে যে কোন সময়ে গীত হইতে পারে তাহাদের নাম ও সংখ্যা নিম্নে লিখিত হইল। যথা -

১ সৈন্ধব, ২ মেঘমল্লার, ৩ নীলাম্বরী, ৪ মল্লারী, ৫ পঞ্চম, ৬ সুখারী, ৭ ভৈরবী, ৮ ললিতা, ৯ দেশী, ১০ সাবেরী, ১১ সালঙ্ক, ১২ মঙ্গল কোশক, ১৩ গৌণ্ড, ১৪ আনন্দ ভৈরবী, ১৫ মালবী, ১৬ রাজধানী, ১৭শর্ব্বরী, ১৮ শঙ্করানন্দ, ১৯ বাহার, ২০ সুবট।

রাগ ও রাগিণীদিগের জাতি নিরূপণ।

১। ইমন— জাতি সম্পূর্ণ।
২। সিন্ধু ভৈরবী— জাতি সম্পূর্ণ।
৩। ছায়া— জাতি সম্পূর্ণ।
৪। দেওবেহাগ— জাতি সম্পূর্ণ।
৫। বিহাগ— জাতি সম্পূর্ণ।
৬। গারা—জাতি সম্পূর্ণ।
৭। চিত্রাগৌরী—জাতি সম্পূর্ণ।
৮। জয়তশ্রী—জাতি সম্পূর্ণ।
৯। কানাড়া—জাতি সম্পূর্ণ।
১০। নাগধ্বনি কানাড়া—জাতি খাড়ব।
১১। সুখল বেলাবলী—জাতি সম্পূর্ণ।
১২। বাহার—জাতি সম্পূর্ণ।

১৩। [illegible] সম্পূর্ণ।

১৪। গৌ[illegible] সম্পূর্ণ।

১৫। [illegible]—জাতি সম্পূর্ণ।

১৬। [illegible] সম্পূর্ণ।

১৭। খট—জাতি সম্পূর্ণ।

১৮। দেশ—জাতি সম্পূর্ণ।

১৯। ভীম পলশ্রী—জাতি সম্পূর্ণ।

২০। নায়কী—জাতি সম্পূর্ণ।

২১। ইমন বেলাবলী—জাতি সম্পূর্ণ।

২২। প্রথম মঞ্জরী—জাতি সম্পূর্ণ।

২৩। জয়ন্ত বা জঁয়েৎ—জাতি খাড়ব।

২৪। ইমন পুরিয়া—জাতি সম্পূর্ণ।

২৫। তিলক কামোদ—জাতি সম্পূর্ণ

২৬। মঙ্গল—জাতি সম্পূর্ণ।

২৭। ইমন কল্যাণ—জাতি সম্পূর্ণ।

২৮। দেশী তোড়ী—জাতি সম্পূর্ণ।

২৯। মালবী—জাতি সম্পূর্ণ।

৩০। সায়েরী—জাতি সম্পূর্ণ।

৩১। কৌশিকী—জাতি সম্পূর্ণ।

৩২। হর শৃঙ্গার—জাতি সম্পূর্ণ।

৩৩। নাটিকা—জাতি সম্পূর্ণ।

মল্লার ১২ রূপ, কানড়া ১৮ রূপ, নট ৯ রূপ, সারঙ্গ ৩

রূপ, তোড়ী ১২ রূপ। ইহাদিগের গাইবার সময় ও ধ্যান পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে। এ স্থলে তাহাদের সংখ্যা প্রদত্ত হইল।

মল্লার ১২ রূপ যথা—

১ মেঘ মল্লার, ২ গুরট মল্লার, ৩ দেশ মল্লার, ৪ গৌড়-মল্লার, ৫ জয়জয়ন্তি মল্লার, ৬ নায়কী মল্লার, ৭ অরূণ মল্লার ৮ ধুরিয়া মল্লার, ৯ সুরদাসী মল্লার, ১০ জ্ঞাজ মল্লার, নট মল্লার, ১২ মিয়া মল্লার।

কানড়া ১৮ রূপ যথা—

১। দরবারি কানড়া, ২। নায়কী কানড়া, ৩ কৌশিকা-কানড়া, ৪। মুদ্রা কানড়া, ৫। বাগীশ্বরী কানড়া, ৬। নট কানড়া, ৭। কাফি কানড়া, ৮। কোলাহল কানড়া, ৯। মঙ্গল কানড়া, ১০। শ্যাম কানড়া, ১১। টঙ্ক কানড়া, ১২। নাগধ্বনি কানড়া, ১৩। আড়না কানড়া, ১৪। সাহানা কানড়া, ১৫। সুহা কানড়া, ১৬। [illegible]াই কানড়া, ১৭। হোষেনি কানড়া, ১৮। মিয়া জয় [illegible]ন্তি।

নট ৯ রূপ যথা—

১ বৃহৎ নট, ২ কেদার নট, ৩ [illegible] কামোদ নট, ৫ মল্লার নট, ৬ ছায়া নট, ৭ [illegible]

৯ আহিরী নট।

সারঙ্গ ৭ রূপ যথা—

১ বৃন্দাবনি সারঙ্গ, ২ মধুমাত সারঙ্গ, ৩ সামন্ত সারঙ্গ, ৪ গৌড় সারঙ্গ, ৫ বড় হংস সারঙ্গ, ৬ শুদ্ধ সারঙ্গ, ৭ মিয়াসারঙ্গ।

তোড়ি ১২ রূপ যথা—

১ কাকি তোড়ী, ২ লক্ষ্মী তোড়ী, ৩ গুজ্জরি তোড়ী, ৪ মুল্তা তোড়ী, ৫ খট্ট তোড়ী, ৬ দরবারি তোড়ী, ৭ সোহ্ন-তোড়ী, ৮ হুশরাই তোড়ী, ৯ নাচারি তোড়ী, ১০ জোয়ান-পুরী তোড়ী, ১১ বাহাদুরী তোড়ী, ১২ শুদ্ধ তোড়ী।

স্বরগ্রাম যোগে লিখিত প্রচলিত রাগ ব্যতীত আরও অনেক মিশ্ররাগ আছে সে সকল সচরাচর ব্যবহৃত হয় না। কোন্ কোন্ রাগ সংযোগে কোন্ কোন্ রাগের রূপ সংস্থাপিত হয়, সেই সকলের বিষয় কিয়ৎ পরিমাণে নিম্নে লেখা যাইতেছে।

মিশ্ররাগ		যে সকল রাগ সংযোগে উৎপত্তি হইয়াছে তাহাদের নাম।
অংশী ..	...	ধবলশ্রী এবং গৌড়।
[illegible] পাল...	...	গুজ্জরী, বিহাগ এবং কেদারী।
অনন্ত গৌড়	...	বসন্ত, গান্ধার এবং হরশৃঙ্গার।
অরুণ ...	...	মল্লার, কানড়া এবং নট্।
[illegible] বিহাগ	...	মল্লার, বিহঙ্গ এবং কানড়া।
আনন্দ ভৈরব	..	শঙ্করাভরণ, এবং ভৈরব।

আহীর নট্ ... আহীরী এবং নট্।

আহীর রূপ। আধুনিক। হোসেনি, আহীরী, ধানশ্রী এবং তোড়ী।

কর্ণাট গৌড় ... বেলাবলী, কর্ণাট এবং গৌড়।

কদম্ব নট ... ধানশ্রী, কানড়া, আহিরী, কেদারী, নট্ এবং মধুমাধবী।

কর্পূর গৌরী ... জ্যোতিঃ,খাম্বাবতী, জয়ন্তশ্রী, টঙ্ক এবং বরাটী।

কর্ম্ম পঞ্চম ... ললিতা, বসন্ত, হিণ্ডোল এবং দেশকার।

কলহংস ... মধু, শঙ্কর বিজয় এবং আহিরী।

কল্যাণ কামোদ বা কল্যাণ বিনোদ ... কল্যাণ এবং নট্।

কাফি ... আশাবরী, ভৈরবী এবং গুজ্জরী

কুমারী ... গৌরী এবং মালশ্রী।

কুল্যেয়ার। আধুনিক। বেলাবলী, কানড়া, নট এবং মল্লার।

কেদার নট ... কেদারী এবং নট, নারায়ণ।

কোলাহল ... বিহঙ্গড়া, কল্যাণ এবং কানড়া।

কোয়ন্নবী। আধুনিক। সারঙ্গ, সোহা, গুজ্জরী এবং গৌরী।

কৌশিকী কানড়া ... কৌশিকী এবং কানড়া।

খট্ তোড়ী ... খট্ এবং তোড়ী।

গম্ভীর নট্ ... কানড়া এবং নট্

গান্ধারী ... সারস্বৎ এবং ধানশ্রী।

গুজ্জরী তোড়ী ... গুজ্জরী এবং তোড়ী।
গোপী কামোদী কামোদ এবং কেদারী।
চৈত্রী ... সামন্ত, ললিতা এবং পুরিয়া।
জয়কল্যাণ ... জয়শ্রী এবং শুদ্ধ কল্যাণ।
জয়াবতী ... ধবলশ্রী, বেলাবলী এবং সরস্বতী।
জলধর কেদারী মেঘ এবং কেদারী।
জোয়ানপুরী তোড়ী। আধুনিক। তোড়ী, কুকুভা এবং সিন্ধুড়া।

জ্যোতির্গৌরী ... ললিতা এবং গৌরী।
টঙ্ক ... ... শ্রী, কানড়া এবং ভৈরব।
ঠুংরি ... ... মারু, খাম্বাবতী, ঝিঝিটী এবং লুম।
দরবারি তোড়ী। আধুনিক। তোড়ী এবং কানড়া।
দক্ষিণ নট্ ... কুকুভা, বেলাবলী, পুরবী, কেদারী এবং নট্।

দীপাবতী ... দীপক এবং সরস্বতী।
দুর্গা ... মলেশ্রী, লীলাবতী, গৌরী এবং সারঙ্গ।
দেওয়ালী। আধুনিক। গান্ধারী, মালশ্রী, এবং সরস্বতী।
নাগবরাটী ... নাগধ্বনি এবং বরাটী।
নাচারী তোড়ী। আধুনিক। তোড়ী, ফোরদস্ত এবং বঙ্গালী
নারায়ণ গৌড় ... বেলাবলী, নট্ এবং গৌড়।
নারেস। আধুনিক। বেলাবলী এবং কানড়া।
পরমানন্দ সারঙ্গ এবং বেলাবলী।

পাহারাবতী . দেবগিরি, পুরবী এবং গৌড়।

পিঙ্গল নট্ সারঙ্গ, মুলতানী এবং নট্।

প্রতাপ বরাটী.. নট্ বিহঙ্গড়া এবং বরাটী।

ফুলুই। আধুনিক। দেবগিরি, মালশ্রী, পুরবী এবং কর্ণাট।

ফোরদস্ত্। আধুনিক। পুরবী, শ্যাম, গৌড়ী।

বহুল গুজ্জরী...দেশকার, বাঙ্গালী, রামকেলী এবং গুজ্জরী।

বহুলী রামকেলী, গুজ্জরী, দেশকার, বাঙ্গালী এবং পঞ্চম। কাহারও মতে বঙ্গালীর ভাগ ইহাতে স্বীকৃত হয় না।

বাহাদুরি তোড়ী তোড়ী, টঙ্ক এবং কানড়া।

বিচিত্রা শঙ্করাভরণ, চৈত্রী, গৌরী, এবং বারাটী।

বিজয় তোড়ী, খাম্বাবতী, এবং পুরিয়া।

বিরাগ বরাটী নায়কী কানড়া এবং বরাটী।

বিহঙ্গ বিহাগ পঞ্চম এবং বিহাগ।

মঙ্গল গুজ্জরী শ্যাম. গুজ্জরী এবং গান্ধারী।

মঙ্গলাষ্টক জয়শ্রী, কানড়া, কেদারী, কল্যাণ. মঙ্গল. বিভাষ, নট্ এবং বিহঙ্গ।

মঞ্জুঘোষা শ্রী এবং ছায়ানট্।

মধু শুদ্ধ, বসন্ত, বেলাবলী এবং নট্ নারায়ণ।

মধু মিথুন নট্ নারায়ণ, মল্লার, হাম্বীর এবং মধুমাধবী।

মনোহর মারোয়া এবং গৌরী।

মল্লার নট্ মল্লার এবং নট্।

মাজ। আধুনিক। সারঙ্গ, সুরট, বেলাবলী এবং মল্লার।
মালগুজরী। আধুনিক। গৌরী এবং শরং।
মালাবতী পঞ্চম, কামোদ, নট এবং হাম্বীর।
মিশ্রার সারঙ্গ। আ নিক। সারঙ্গ, জয়জয়ন্তী এবং কানড়া।
মুদ্রা তোড়ী তোড়ী এবং বাগীশ্বরী।
রতিবল্লভ নট্, সারঙ্গ, এবং ভৈরব।
রতিবাহি কল্যাণ এবং পরাজিকা।
রম্ভাবতী মালশ্রী এবং মল্লারী।
রহস্য মঙ্গল শঙ্করাভরণ, অরুণ এবং সুর ।
রাওরানৃসি। আধুনিক। ললিতা, লীলাবতী এব চৈত্রী।
রাগেশ্বর ভৈরব, কানড়া আশাবরী এবং গৌরী।
রাজনারায়ণ নট্ পুরিয়া, তোড়ী এবং নট্।
রাজহংস মালব, শ্রী এবং মনোহর।
রূপশ্রী শ্রী এবং বসন্ত।
লক্ষ্মীতোড়ী সিন্ধু, তোড়ী এবং ললিতা।
লীলাবতী দেশকার, জয়শ্রী এবং ললিতা।
শঙ্কর বিজয় মালিগৌড়া, হাম্বির এবং নট্নারায়ণ।
শঙ্করানন্দ শঙ্করা, বিহাগ এবং নট্।
শশিরেখা ললিতা, সারঙ্গ এবং বেহাগ।
শিবরতিকা বড় হংস এবং সিন্ধু।
শ্রীকবন। আধুনিক।...শঙ্করাভরণ এবং শ্রী।

শ্রীসম্বন্ধ্। আধুনিক। ভীমপলশ্রী এবং টঙ্ক।
সংকীর্ণ বেলাবলী এবং কলিঙ্গড়া।
সচী বল্লভ গুণকেলী, গান্ধারী এবং শ্যাম।
সরস্বতী নট নারায়ণ এবং শঙ্করা।
সামন্ত সারঙ্গ সারঙ্গ এবং মল্লারী।
সুঘরন্। আধুনিক। বেলাবলী এবং ফোরদস্ত্।
সোহা তোড়ী। আধুনিক। সোহা এবং তোড়ী।
সৌদামিনী সোহিনী এবং ঝিঝিটী।
শুভ্র মালশ্রী এবং মল্লারী।
হংস সারঙ্গ এবং কলিঙ্গড়া।
হরশৃঙ্গার পঞ্চম এবং কৌশিকী।
হাম্বীর নট্ হাম্বীর এবং নট্।
হরাঙ্ক। আধুনিক। বেলাবলী, দেওসাক, সারঙ্গ, শুদ্ধ, মল্লারী এবং গৌণ্ড।
হোসেনী কানড়া। আধুনিক। কানড়া এবং হরাঙ্ক।
স্ফটাঙ্ক জয়শ্রী, কেদারী এবং বিভাষ।
ক্ষেম কানড়া, সরস্বতী এবং কল্যাণ।
ক্ষেম কল্যাণ কানড়া, সরস্বতী, শুদ্ধ এবং কল্যাণ।

এই সকল মিশ্র রাগের কাল নিয়ম, যে যে রাগ সংযোগে ইহাদের উৎপত্তি, সেই সেই রাগের সময় তাহারা অবাধে গেয়। "সঙ্গীতসার।"

শ্রীরাগ।

(স্বরগ্রাম স, রি, গ, ম, প, ধ, নি, স।)

"লীলা বিহারেণ বনান্তরালে চিন্বন্ প্রসূনানি বধূসহায়ঃ। বিলাস বেশোধৃত দিব্য মূর্ত্তিঃ শ্রীরাগ এষঃ কথিতঃ কবিন্দ্রৈঃ ॥

শ্রীরাগের ষট্ পত্নী। যথা—

১। মালশ্রী।

(স্বরগ্রাম স, রি, গ, ম, প, ধ, নি, স।)

"রক্তোৎপলং হস্ত তলে নিযুক্তং, বিভ্রঃ বয়ন্তী তনু দেহ বল্লী। রসাল বৃক্ষস্য তলে নিষন্না, স্তোকস্মিতা সা কিল মালবশ্রীঃ ॥"

২। ত্রিবনী

(স্বরগ্রাম ধ, নি, স, গ, ম, ধ।)

"রম্ভায়াস্তু তরোর্মূলে নিষন্না পীত বর্ণ ভাক্। তন্বঙ্গী হার সংযুক্তা প্রিয়েন ত্রিবনী মতা ॥"

৩। গৌরী (স্বরগ্রাম স, গ, ম, ধ, নি, স।)

গজেন্দ্র মুক্তাকৃত চারুহারা ময়ূরপিচ্ছাঙ্কিত শুদ্ধ বেশা। মাল্যানুলেপাঙ্কিত চারু গাত্রী, পূর্ণেন্দুবক্ত্রা শুভগা চ গৌরী ॥"

৪। কেদারী (কেদারা) (স্বরগ্রাম স, গ, ম, প, নি, স।)

"জটাং দধানা শশিখণ্ড মৌলির্গোত্তরীয়া ধৃত যোগ পিঠা। গঙ্গাধর ধ্যান নিমগ্ন চিত্তা কেদারিকেয়ং কথিতা কবিন্দ্রৈঃ ॥"

৫। মধুমাধবী (মধুমাৎ) (স্বরগ্রাম, স, রি, ম, প, নি, স।)

"প্রফুল্ল নীলোৎপল নেত্রযুগ্মা তন্বী সতী নীল নিচোল যুক্তা। স্থিতা তমাল দ্রুম বেদি-কায়াং শ্রীরাগ পত্নী মধুমাধবীয়ম্ ॥"

৬। পহাড়ী (পাহাড়ী) (স্বরগ্রাম স, গ, ম, ধ, নি, স।)

"বীণোপ গায়ত্যতি সুন্দরাঙ্গী রক্তাম্বরা মঞ্জু কদম্ব মূলে। শ্রীনন্দ নাদৌ স্থিতিকারিণী সা শ্রীরাগ কান্তা কথিতা পহাড়ী ॥"

বসন্ত।

(স্বরগ্রাম—স, রি, গ, ম, প, ধ, নি, স।)

"চুতাঙ্কুরেণৈব কৃতাবতংসো বিঘূর্ণ মানা-রুণ পদ্ম নেত্রঃ। পীতাম্বরঃ কাঞ্চন চারুদেহো বসন্ত রাগো যুবতী প্রিয়শ্চ ॥"

বসন্ত রাগের ষট্ পত্নী।

১। দেশী (দেশ) (স্বরগ্রাম রি, গ, ম, ধ, নি, স, রি, রি।)

"নিদ্রালসংসা কপটেন কান্তং বিবোধয়ন্তী সুরতোৎ সুকেব। গৌরী মনোজ্ঞা শুক পুচ্ছ বস্ত্রা খ্যাতাচ দেশী রস পূর্ণ চিত্তা ॥"

২। দেবকিরী (দেওগির) (স্বরগ্রাম স, রি, গ, ম, প, ধ, নি, স)

"কাদম্বিনী শ্যাম তনুঃ সুবৃত্তা তুঙ্গস্তনী সুন্দর হারবল্লী। চিত্রাম্বরা মত্ত চকোর নেত্রা মদালসা দেবগিরী প্রদিষ্টা ॥"

৩। বরাটী (স্বরগ্রাম স, রি, গ, ম, প, ধ, নি, স।)

"বিনোদয়ন্তী দয়িতং সুকেশী সুকঙ্কনা চামর চালনেন। কর্ণে দধনা সুর বৃক্ষ পুষ্পং বরাঙ্গ নেয়ং কথিতা বরাটী।।"

৪। তোড়ী (স্বরগ্রাম ম, প, ধ, নি, স, রি, গ, ম, অথবা স, রি, গ, ম প, ধ নি, সঁ।

"তুষার কুন্দোজ্জ্বল দেহ যষ্টিঃ কাশ্মীর কর্পূরবিলিপ্ত দেহা। বিনোদয়ন্তী হরিণং বনান্তরে বীণাধরা রাজতি তোড়ীকেয়ম্ ॥"

৫। ললিতা (ললিত) (স্বরগ্রাম) স, গ, ম, ধ, নি, স।)

"প্রফুল্ল হেমাম্বুজ সপ্তপর্ণস্রজং বহন্তী স্তন-

ভার নম্রা। গৃহাং প্রভাতে ৎলস লোচনশ্রী
র্বহির্গতেয়ং ললিতা প্রদিষ্টা ॥"

৬। হিন্দোলী (হিণ্ডোল) স্বরগ্রাম স, গ, ম, প, নি, স, স।)

"কান্তা কৃশাঙ্গী পরিশুদ্ধভাবা কান্তাননেন্দু-
ঞ্জন দৃষ্টিপাতা। কপোত কান্তিঃ কলকণ্ঠ-
নাদা হিন্দোলী কেয়ং কথিতাতিমত্তা ॥"

ভৈরব।

(স্বরগ্রাম ধ, নি, স, গ, ম, ধ।)

"গঙ্গাধরঃ শশিকলা তিলক স্ত্রিনেত্রঃ সর্পৈ-
র্বিভূষিত তনুর্গজ কৃত্তিবাসাঃ। ভাস্বত্রিশূলকর
এষনৃমুণ্ডধারী শুভ্রাম্বরো জয়তি ভৈরব রাগ
রাজঃ ॥"

ভৈরব রাগের ষট্ পত্নী।

১। ভৈরবী (স্বরগ্রাম স, রি, গ, ম, প, ধ, নি।)

"কাসার মধ্যস্ফটিকোচ্চ গেহে পঙ্কেরুহৈ
র্ভৈরব মর্চ্চয়ন্তী। তারস্বরা বদ্ধ বিশুদ্ধ গীতা
বিলাশ নেত্রা কিল ভৈরবীয়ম্ ॥

২। বাঙ্গালী (স্বরগ্রাম স, গ, ম, প, নি, স. অথবা র, ধ, নি
স, রি, গ, ম।)

"কক্ষানিবেশিত করণ্ড ধরায়তাক্ষী ভাস্বত্রিশূল পরিমণ্ডিত বাম হস্ত। ভস্মোজ্জ্বলা-নিবিড়বদ্ধজটা কলাপা বাঙ্গালিকেত্যভিহিতা তরুণার্ক বর্ণা।"

৩। সৈন্ধবী (সিন্ধুড়া (স্বরগ্রাম স, রি, গ, ম, প, ধ, নি, স, অথবা স, গ, ম, প, ধ, নি, স।)

"ত্রিশূলপাণিঃ শিবভক্তি রক্তা, রক্তাম্বরা ধারিত বন্ধুজীবা। প্রচণ্ড কোপা রসবীর যুক্তা সা সৈন্ধবী ভৈরব রাগিণীয়ম।।"

৪। রামকিরী (রাম.কলী) (স্বরগ্রাম স, রি, গা, ম. প, ধ, নি, স।)

"স্বর্ণপ্রভা ভাস্বর ভূষণাঢ্যা সদিন্দ্রনীলং বপুসা বহন্তী। কান্তে পদপান্ত মধিস্থিতেঽপি মনোন্নতা রামকিরী প্রদিষ্টা।।"

। গুর্জ্জরী (গুজরী) (স্বর রি, গ. ম, প, ধ, নি, স. রি।

"মধ্যে নিষণ্ণা মৃদু পল্লবানাং শ্যাম দ্যুতি-র্মন্মথ ভাব যুক্তা। বিচিত্র পুষ্পাঞ্চিত চারু তল্পা প্রেমাভিলাষা খলু গুর্জ্জরীয়ম।।"

৬। গুণকিরী (গুণকেলী) (স্বরগ্রাম নি, স, গ, ম, প, নি, অথবা স, গ, ম, প, নি, স।)

"শোকাভিভূত নয়না ক্লশ দীন দৃষ্টিনম্রাননা ধরণী ধূসর গাত্রে যষ্টিঃ। আমুক্ত চারু কবরী প্রিয় দূরবৃত্তা সংকীর্ত্তীতা গুণকিরী করুণাদ্র দৃষ্টিঃ ॥"

পঞ্চম।

(স্বরগ্রাম স, রি, গ, ম, ধ, নি, স, অথবা স, রি, গ, ম, প, ধ, নি, স।)

"রক্তাম্বরো রক্ত বিশাল নেত্রঃ শৃঙ্গারো যুক্ত স্তরুণোমনস্বী। সদা বিভাত্যেযহি পঞ্চমো হয়ম্ যোষিৎ প্রিয়ঃ কোকিল মঞ্জুভাষী ॥"

পঞ্চম রাগের ষট্ পত্নী।

১। বিভাষা (বিভাষ) স্বরগ্রাম স, গ, ম, ধ, নি, স।)

"নিদ্রালসা তোষিত পঞ্চ বানা বিলাস বেশা রসভাব যুক্তা। বিশেষতস্তাণ্ডবলাস্য রক্তা প্রাতঃ প্রবুদ্ধা হি বিভাষিকেয়ম্ ॥

২। ভুপালী (স্বরগ্রাম স, রি, গ, ম, প, ধ, নি, স।) অথবা স, গ, ম, ধ নি স।)

স্বনায়কে পুষ্পগণং স্বজন্তী সুশোভমানা বর

কামিনীচ। উল্লাসিতা প্রেম মদা কুলাক্ষী ভূপালিকা সা কথিতা কবিন্দ্রৈঃ ॥

৩। কর্ণাটী (কর্ণাট) স্বরগ্রাম নি, স, রি, গ, ম, প, ধ, নি,নি)

"ময়ূর কণ্ঠদ্যুতি রিন্দু মৌলির্গজেন্দ্র দন্তার্পিত কর্ণপুরা। স্বরৈঃ সুরানাং পরিতোষ কর্ত্রী কর্ণাটিকেয়ং স্ফুট শুভ্র বেশা ॥"

৪। বড় হংসিকা (বড় হংস) (স্বরগ্রাম নি স, রি গ ম প ধ নি নি।)

"স্মেরাননা চারু বিলোল দৃষ্টিঃ প্রিয়াঙ্গ সঙ্গোৎসব হৃষ্টচিত্তা। বিলাস লোমাঞ্চিত চারুদেহা খ্যাতা কবিন্দ্রৈ বড় হংসিকেয়ম্ ॥"

৫। মালবী (মালোয়া বা মারোয়া) (স্বরগ্রাম নি স গ ম ধ নি নি।)

"বিয়োগদুঃখেন বিধু সরাঙ্গী চিরং প্রিয় ধ্যান বিনিদ্র নেত্রা। কামৈক চিত্তা স্ফুটগৌর কান্তিঃ সা মালবী সংকথিতা কবিন্দ্রৈঃ ॥"

৬। পঠমঞ্জরী (স্বরগ্রাম প, ধ, নি, স, রি, গ, ম, প।)

"নেত্রাম্বুধারাঞ্চিত চারুদেহা বিয়োগ দুঃখানত চন্দ্র বক্ত্রা। চিরং প্রিয়ধ্যান রতাসু দীনা মুহুঃ শ্বসন্তী পঠমঞ্জরীয়ম্ ॥"

মেঘ মল্লার।)

স্বরগ্রাম ধ, নি, স, রি, গ, ম, প, ধ, ধ।)

"বিহার শীলোঽপ্যতী নীল দেহো গভীর বাদী প্রিয় কামিনী ভিঃ। কামাতুরঃ পিঙ্গলযুগ্ম নেত্রো মল্লার রাগো গজ বাহনেঽয়ম্ ॥"

মেঘ রাগের ষট্‌পত্নী।

১। মল্লারী (মল্লার) (স্বরগ্রাম ধ, নি, রি, গ, ম, ধ।)

"প্রলম্ব কর্ণা শরদিন্দু বর্ণা কৌশেয় বস্ত্রাতি বিহারশীলা। প্রশান্ত চিত্তা পলিতং দধানা মল্লারিকেয়ম্ কথিতা মুনিন্দ্রৈঃ ॥

২। সৌরটী (সুরট) (স্বরগ্রাম প, ধ, নি, স, গ, ম, প, অথবা স, গ, ম, প, ধ, নি, স।

"পীনোন্নত স্তন সুশোভন হারবল্লী কর্ণোৎ-পল ভ্রমরনাদ বিলগ্ন চিত্তা। যতি প্রিয়ান্তিক মতিশ্লথ বাহুবল্লী সৌরাষ্ট্রীকা মদন মূর্ত্তি সুচারু গৌরী ॥"

৩। সাবেরী (স্বরগ্রাম স, রি, গ, ম, প, ধ, নি, ধ।)

"চিত্রাংশুকাবদ্ধ গজেন্দ্র মুক্তা প্রসন্ন হাসা মৃদু গৌরগাত্রী। সালঙ্কৃতা বর্হিশিখণ্ড হস্তা সাবেরীকা মেঘ বরাঙ্গনা সা ॥"

৪। কৌশিকী (স্বরগ্রাম স, রি, গ, ম, প, ধ, নি, স।)

"বিচ্ছেদভীতা দয়িতেন সার্দ্ধং রক্তাক্ষণা স্বেদযুতাননেন্দুঃ। শ্যামা সুবেশা ললিতাঙ্গ যষ্টিমুর্হুভ্রমন্তী খলু কৌশিকেয়ম্।।"

৫। গান্ধারী (গান্ধার) (স্বরগ্রাম স, রি, গ, ম, প, ধ, নি, স)

"জটাং দধানা শুচি মুদ্রিতাক্ষী নীলাম্বরা সন্নত শান্ত মূর্ত্তিঃ। সযোগ পট্টাসন সন্নিবিষ্টা গান্ধারিকেয়ং খলু মেঘপত্নী।।"

৬। হরশৃঙ্গার (হরশিঙার) (স্বরগ্রাম ধ, নি, স, রি, গ, ম, প, ধ,।)

"নানা গীত কলাভিজ্ঞা কৌতুকীচ প্রিয়ংবদা। গৌরাঙ্গী মেঘ পত্নীচ হরশৃঙ্গারি কান্ত্বশৌ।।"

নট্টনারায়ণ (নটনারায়ণ বা নট্ট নট)

(স্বরগ্রাম স, রি, গ, ম, প, ধ, নি, স।)

"তুরঙ্গম স্কন্ধ নিবদ্ধ বাহুঃ স্বর্ণপ্রভঃ শোণিত শোণ গাত্রঃ। সংগ্রাম ভূমৌ বিচরণ প্রতাপী নট্টোহয়মুক্তঃ কিল রঙ্গমূর্ত্তিঃ।।"

নট্ নারায়ণ রাগের ষট্‌পত্নী।

১। কামোদী (কামোদ) (স্বরগ্রাম স, রি, গ, ম, প, ধ, নি, স।)

"ভর্ত্তা সমং পার্শ্বসি হেমবর্ণা পয়ো বিহারেণ সরোরুহানি। বিচিন্বতী সৌরভ মোদমানা কামোদিকেয়ং কথিতা বিগন্ধৈঃ ॥"

২। কল্যাণী (কল্যাণ) (স্বরগ্রাম প, ধ, নি, স, রি, গ, ম, প)

"কান্তানুরক্তা মৃদু ভাবযুক্তা ব্যাঘ্রিতাক্ষী মৃদু গৌরদেহা। নট্টাঙ্গ রাগস্য বিলাসিনী সা কল্যাণিকেয়ং কথিতা কবিন্দ্রৈঃ ॥"

৩। আভীরী (আহিরী) (স্বরগ্রাম প, ধ, নি, স, রি, গ, ম, প।)

"বাচাল কঙ্কন বিভূষিত বাহু বল্লিরুন্নিদ্র চম্পক মনোহর গাত্র যষ্টিঃ। শ্রীকণ্ঠ শৈল-শিখরে গজমৌক্তিকানা মাভীরিকা মদধৃতী ভ্রজ মিন্দু শুভ্রাম্ ॥"

৪। নাটিকা (নাটী) (স্বরগ্রাম স, রি, ম, প, ধ, নি, স।)

"চিরং নটন্তী শুভ রঙ্গ মধ্যে বিচিত্র রত্নাভরণা কৃশাঙ্গী। সুগীত তালেষু কৃতাবধানা নাটী সুনাটী পরিধানশীলা ॥"

৫। সারঙ্গী (সারঙ্গ) (স্বরগ্রাম স, রি, গ. ম, প, নি, স।)

"করধৃত বীণা সংখ্যা সহোপবিষ্টাচ কল্প তরু মূলে। দৃঢ়তর নিবদ্ধ কবরী সারঙ্গী সা স্বরঙ্গিনী প্রোক্তা॥"

৬। হাম্বিরী (হামীর) (স্বরগ্রাম ধ, নি, স, রি, গ, ম, প. ধ।)

"ভ্রমন্তী নর্ত্তনে শ্যামা পুষ্পপ্রচয়তৎপরা। হাম্বিরী কথিতাহ্যেসা করার্পিত সখী করা॥"

সঙ্গীত শাস্ত্রে ও নাটকে ব্যবহৃত কতিপয় শব্দের আভিধানিক অর্থ।

শব্দ অর্থ

অ

অদ্ভুত রস—বিস্ময়, আশ্চর্য্য, চিত্র।

অঙ্ক্য - আলিঙ্গ, ঊদ্ধক, মৃদঙ্গ, মুরজ।

অভিনয়—নাট্যোক্তির হৃদগত ক্রোধাদি ভাব।

অঙ্গবিক্ষেপ—নাট্যোক্তির অঙ্গ চালন।

অত্তিকা—নাট্যোক্তির জ্যেষ্ঠা ভগিনী।

অঙ্গহার—অঙ্গবিক্ষেপ।

অজ্জুকা—নাট্যোক্তির বেশ্যা।

অব্রহ্মণ্য—নাট্যোক্তির অবধ্য।

অম্বা—নাট্যোক্তির মাতা।

অবরোহি—বীণাদি যন্ত্রের সপ্তম সুরের নিম্ন গতি, বিলোম, অবরোহণ।

অন্তরা—দ্বিতীয়চরণ।

অনুবাদী—রাগ ও রাগিণীর তৃতীয় সুর।

আ

আনর্দ্ধ—মৃদঙ্গাদি বাদ্য।

আবুক—নাট্যোক্তির জনক।

আঙ্গিক—নাট্যোক্তির অঙ্গ দ্বারা নিষ্পন্ন কর্ম্ম।

আড়ম্বর—যুদ্ধে ঢাকের শব্দ।

আশ্চর্য্য—অদ্ভুত রস।

আতোদ্যং—বীণা, মৃদঙ্গ, বাঁশী, মন্দিরা বাদ্য।

আনক—ভেরীবাদ্য, পটহা বাদ্য, ভেরী।

আনন্দ—মৃদঙ্গ।

আভোগ—চতুর্থ চরণ।

আনর্ত্ত—নৃত্য গৃহ।

আবুর্ত্ত—নাট্যোক্তির ভগিনীপতি।

আরোহি—বীণাদি যন্ত্রের সপ্তম সুরের উর্দ্ধ গতি, অনুলোম, আরোহণ।

আলিঙ্গ—মৃদঙ্গ বিশেষ।

আস্থায়ী—প্রথম চরণ।

ই

ইচ্ছাবর্ত্তী—গান ও নৃত্যাদিতে ইচ্ছা যে স্ত্রীর।

উ

উগ্র—রৌদ্র রস।

উৎসাহ বৰ্দ্ধন—বীর রস।

উপনাহ—নিবন্ধন, বীণার তন্ত্র বন্ধন কাষ্ঠ।

উদ্ধক—মৃদঙ্গ বিশেষ।

উজ্জ্বল—শৃঙ্গার রস।

এ

একতাল—নৃত্য, গীত, বাদ্য এককালে।

ও

ওঘ—নৃত্য বিষয়ক শীঘ্র গমন।

ক

কণ্ডোল বীণা—ক্যাদরাই সারিন্দা।

ককুভ—বীণার বক্র কাষ্ঠ।

করুণা রস—কারুণ্যং, ঘৃণা, কৃপা, দয়া, অনুকম্পা, অনুক্রোশ।

কলকল—অনেক কৃত অব্যক্ত ধ্বনি।

ক্বণঃ—বীণার শব্দ।

ক্বণ—নূপুর শব্দ।

ক্বননঃ—বীণার শব্দ।

ক্বাণঃ—বীণার শব্দ।

কাকলী—মধুর এবং সূক্ষ্ম ধ্বনি।

কুমার—নাট্যোক্তির যুবরাজ।

কৃতি—কৃন্তন, স্বর জাতি অন্তর।

কুশাশ্বী—নাটক অর্থাৎ গায়ক।

কৃপা—করুণারস।

কোণ—যে কাষ্ঠ দ্বারা বীণাদির বাদ্য হয়।

কোলাহল—কলকল, অনেক কৃত অব্যক্ত ধ্বনি।

কোলম্বক—বীণার সমুদয় শরীর।

গ

গমক—স্বর কম্পন।

গান—গীত।

গ্রাম—স্বর।

ঘ

ঘোর ভয়ানক রস।

ঘন—করতাল, কাঁশী, মন্দিরা আদি বাদ্য, নৃত্য বিষয়ক মধ্যম গমন।

ঘৃণা—করুণা রস।

চ

চণ্ডাল বল্লকী—চণ্ডালাদির বীণা বিশেষ।

চাণ্ডালিকা—চণ্ডালাদির বীণা বিশেষ।

চিত্র—অদ্ভুত রস।

জ

জায়া জীব—নর্ত্তক অর্থাৎ গায়ক।

ঝ

ঝর্ঝরা—বাদ্য বিশেষ।

ড

ডম্বুরু—বাদ্য বিশেষ।

ডিণ্ডিম—বাদ্য বিশেষ।

ঢ

ঢক্কা—যশঃ, পটহ, ভেরী, দুন্দুভি, আনক।

ত

তত—বীণাদি বাদ্য।

তন্ত্র—নৃত্য বিষয়ক বিলম্ব গমন।

তান—গিটকীরি, উপজ্ঞ।

তার—উচ্চস্বর।

তাল—নৃত্য গীত বাদ্য সমুদায়ের বিচ্ছেদ কাল।

তৌর্য্যত্রিক—নৃত্য, গীত, বাদ্য, সমুদয় নাট্য।

দ

দেব—নাট্যোক্তির রাজা।

দেবী—নাট্যোক্তির রাজার সহিত অভিষিক্তা স্ত্রী।

দারুণ—ভয়ানক রস।

ধ

ধৈরিতকং—কণ্ঠ হইতে ও বীণা হইতে যে স্বর অর্থাৎ অশ্বের ন্যায় স্বর।

ন

নর্ত্তকী—লাসিকা।

নাট্যং—নৃত্য গীত বাদ্য সমুদয়।

নিক্কনঃ—বীণার শব্দ।

নির্ব্বহণং—নাট্যোক্তিরও নৃত্য বিষয়ে পঞ্চম সন্ধান।

নিবন্ধনং—বীণার তন্ত্র বন্ধন কাষ্ঠ।

নিষ্ঠা—নাট্যোক্তিরও নৃত্য বিষয়ে পঞ্চম সন্ধান।

নৃত্য—নাচ, তাণ্ডব, নটন, নাট্য, লাস্য নর্ত্তন।

প

পণব—বাদ্য বিশেষ

পটহ—যুদ্ধে ঢাকের শব্দ, আনক।

প্রক্কান—বীণার শব্দ।

প্রবাল—বীণার শব্দ।

প্রসেবক—বীণার বক্র কাঠ।

পরিবাদিনী - সপ্ততন্ত্রী বীণা।

পানিঘ—মৃদঙ্গাদি ব্যতিরেক হস্তাদি দ্বারা মৃদঙ্গাদি বাদ্যকর।

পুষ্করং—মৃদঙ্গাদির মুখ।

ব

বল্লকী—বীণা।

বীর রস—উৎসাহ বর্দ্ধন।

নাটকী—নর্ত্তকী।

ভ

ভর্ত্তৃদারক—নাট্যোক্তির যুবরাজ

ভট্টারক নাট্যোক্তির রাজা।

ভাব—নৃত্য গীতে পণ্ডিত; নাট্যোক্তির পণ্ডিত।

ভর্ত্তৃদারিকা—নাট্যোক্তির রাজকন্যা।

ভট্টিনী—রাজার সামান্যা স্ত্রী।

ভেরী—বাদ্য বিশেষ।

ভ্রূংস—স্ত্রী বেশধারী নৃত্যকর পুরুষ।

ভ্রূকুংস—ভ্রূংস, স্ত্রী বেশধারী নৃত্যকর পুরুষ।

ভয়ানক রস—ভৈরব, দারুণ, ভীষণ, ঘোর, ভীম।

ম

মরজা—মৃদঙ্গ বাদ্য।

মৃদঙ্গ—মুরজ।

মর্দ্দল—বাদ্য বিশেষ।

মড্ডু—বাদ্য বিশেষ।

মূর্চ্ছনা—স্বরান্তর।

মহতী—বীণা বিশেষ।

মন্দ্র—গম্ভীর শব্দ।

মার্দ্দঙ্গিক—মৃদঙ্গ বাদ্যকর।

মারিস—নাট্যোক্তিতে ও নৃত্য বিষয়ে মান্য।

মুরজা—মৃদঙ্গ বাদ্য।

মৌরজিক—মৃদঙ্গ বাদ্যকর।

র

রৌদ্র রস—উগ্র।

রণ—নূপুর শব্দ।